



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৮/১২/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক মহানগরীতে  
ভেজাল সাবান তৈরীর ফ্যাক্টরীতে অভিযান



অদ্য ০৮/১২/২০২১ খ্রি. ১৬.৩০ ঘটিকার সময় রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনেই মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) মোঃ সাজ্জাদ হোসেন এর কর্মপরিকল্পনায় রংপুর মহানগরীর কোতয়ালী থানাধীন ২৩ নং ওয়ার্ডস্থ জুম্মা পাড়া সদর জামে মসজিদ সংলগ্ন শাহীন সোপ ফ্যাক্টরীতে অভিযান পরিচালনা করা হয়।

উক্ত অভিযানে ছাই গ্রীণ ও গোল্ডেন নামীয় দুই ধরণের লোকাল ব্র্যান্ডসহ বিভিন্ন ধরণের ভেজাল লজ্জী সাবান, সাবান তৈরির সামগ্রী, কেমিক্যাল, স্টিকার ও মেশিনপত্রসহ প্রায় ১৫ লক্ষাধিক টাকার মালামাল জব্দ করা হয়।

উক্ত অভিযানে প্রতিষ্ঠানের কাগজপত্র যাচাই বাছাই করে দেখা যায় যে,

- ১) ফ্যাক্টরীর কেমিস্ট নেই।
- ২) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নেই।
- ৩) শ্রমিকদের সাস্থ্য সুরক্ষার ব্যবস্থা নেই।
- ৪) কর্মীদের চিকিৎসা সনদ নেই।
- ৫) কেমিক্যাল অরক্ষিত ও খোলা যায়গায় রাখা।
- ৬) অগ্নি নির্বাপন ব্যবস্থা নেই।
- ৭) মেশিন অপারেটর নেই।

উল্লিখিত অপরাধের দায়ে ভোক্তা অধিকার কর্মকর্তার উপস্থিতিতে রংপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মলিহা খানম ড্রাম্যামান আদালতের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের মালিক মোঃ জাকির হোসেন (৫৫), পিতা- মৃত ছবির উদ্দিন, সাং- জুম্মাপাড়া, ওয়ার্ড নং ২৩, থানা- কোতয়ালী, আরপিএমপি, রংপুর-কে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৪৩ ধারায় ২৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে ০১ মাসের বিনশ্রম কারাদণ্ড এবং উক্ত প্রতিষ্ঠানকে সকল ত্রুটি সংশোধন করে পণ্য উৎপাদন করার আদেশ দেন।

০৮.১২.২০২১

(মোঃ সাজ্জাদ হোসেন)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১